চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৮ মে '২০২৪খ্রি.

## মানবিকতার প্রসারে যুব কার্যক্রমকে আরও বেগবান করতে হবে- মেয়র

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিট এর আয়োজনে ও চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্ট এর সহযোগিতায় নানা কর্মসূচির মাধ্যমে ৮ই মে বিশ্ব রেড ক্রস/রেড ক্রিসেন্ট দিবস পালন করা হয়। কর্মসূচির মধ্যে ছিল শান্তি র‌্যালি, রক্তদান কর্মসূচি, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে শিশু ওয়ার্ডে খাদ্য বিতরণ, স্কুল-কলেজ ইউনিটের উদ্যোগে দেয়ালিকা প্রদর্শনী, দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা সভা। জাতীয় পতাকা ও রেড ক্রিসেন্ট পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচি শুরু হয়। এরপর বিভিন্ন স্কুল কলেজের ১০০০ যুব স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণে একটি র‌্যালী প্রেস ক্লাব হতে বের হয়ে জালামখান হয়ে চেরাগিপাহাড় মোড় প্রদক্ষিণ করে পুনরায় প্রেস ক্লাবে এসে শেষ হয়। রক্তদান কর্মসূচি উদ্বোধনের পর দিবসের তাৎপর্য নিয়ে আলোচনা সভা চট্টগ্রাম সিটি ক্রিসেন্ট ইউনিটের ভাইস চেয়ারম্যান আলমগীর পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ টেলিভিশন চট্টগ্রাম অঞ্চলের জেনারেল ম্যানেজার নুর আনোয়ার হোসেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন ‌য়ঁড়ঃ;সূচনালগ্ন থেকেই রেড ক্রিসেন্ট আর্ত মানবতার সেবা করে আসছে। যেকোনো প্রাকৃতিক দুর্যোগে রেড ক্রিসেন্টের স্বেচ্ছাসেবকরা অগ্রণী ভূমিকা পালন করছে। মানবিকতার প্রসারে যুব কার্যক্রমকে আরও বেগবান করতে হবে ‌য়ঁড়ঃ; সভায় বক্তব্য রাখেন সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি আবদুল জব্বার, সিটি কার্যকরী পর্ষদ সদস্য এইচ এম সালাউদ্দিন। চট্টগ্রাম সিটি যুব রেড ক্রিসেন্টের যুব প্রধান আ ন ম তামজীদের সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য এইচ এম সালাউদ্দিন, মহসিন উদ্দীন চৌধুরী ফয়সাল, কাজী তৌফিকুল আজম, মোশরাফুল হক চৌধুরী পাভেল, মোহাম্মদ ইমতিয়াজ, প্রাক্তন যুব প্রধান সোমিত্র চৌধুরী, সিটি ইউনিটের ডিআরআর প্রজেক্ট অফিসার গাজী মোহাম্মদ ইফতেখার হোসেন ইমু ও ইউনিট লেভেল অফিসার মোঃ আবদুর রহিম আকন।

## বাংলাদেশের সাথে দ্বি-পাক্ষিক বাণিজ্য বাড়াতে চায় তুরস্ক, মেয়রকে জানালেন রাষ্ট্রদূত

বাংলাদেশের সাথে দ্বি-পাক্ষিক বাণিজ্য দ্রুত দুই বিলিয়ন ডলারে নিয়ে যেতে চায় তুরস্ক। বুধবার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎকালে তুরস্কের রাষ্ট্রদূত রামিস সেন (জধসরং ঝঊঘ) এ মন্তব্য করেন। সাক্ষাৎকালে মেয়র রেজাউল বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের বাণিজ্যিক সম্ভাবনাকে কাজে লাগাতে বিপুল বিনিয়োগ করেছেন। নগরীর যোগাযোগ অবকাঠামোকে ঢেলে সাজাতে আড়াই হাজার কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়ন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এছাড়া, নগরীর জলাবদ্ধতা নিরসণেও নেয়া হয়েছে একাধিক প্রকল্প। ফলে বৈদেশিক বিনিয়োগের জন্য চট্টগ্রাম একটি আদর্শ স্থানে পরিণত হয়েছে। তুরস্ক এই সুবর্ণ সুযোগকে কাজে লাগিয়ে ব্যাপক বিনিয়োগের মাধ্যমে লাভবান হতে পারে। জবাবে রাষ্ট্রদূত রামিস সেন বলেন, বাংলাদেশের সাথে তুরস্কের বিপাক্ষিক সম্পর্কের ৫০ বছর পূর্ণ হতে যাচ্ছে গত অর্ধশতাব্দীতে বাংলাদেশের সুখ-দুঃখে সবসময় তুরস্ক পাশে ছিল। তবে তুরস্কের সাথে বাংলাদেশের সম্পর্কের গভীরতা দ্বিপাক্ষিক বাণিজ্যের ক্ষেত্রে যথাযথভাবে প্রতিফলিত হয় না। এজন্য তুরস্কের লক্ষ্য সংক্ষিপ্ত সময়ের মধ্যে বাংলাদেশ এবং তুরস্কের মধ্যকার দ্বিপাক্ষিক বাণিজ্যকে দুই বিলিয়ন ডলারে নিয়ে যাওয়া। বাংলাদেশ তুরস্ক থেকে আমদানি থেকে রপ্তানি বেশি করে অর্থাৎ এক্ষেত্রে বাংলাদেশ এগিয়ে আছে।

"বর্তমানে তুরস্কের সাথে বাংলাদেশের বাণিজ্য মূলত টেক্সটাইল খাতকেন্দ্রিক। তুরস্ক বাংলাদেশে টেক্সটাইল খাতের বিভিন্ন যন্ত্র ও কেমিক্যাল রপ্তানি করে। অন্যদিকে বাংলাদেশ থেকে তুরস্ক তৈরি পোশাক আমদানি করে। তুরস্ক কেবল টেক্সটাইল খাতে সীমাবদ্ধ না থেকে দ্বি- পাক্ষিক বাণিজ্যের বহুমুখীকরণ করতে চায়।"তুরস্কের স্বাস্থ্যখাতের সাফল্য তুলে ধরে রাষ্ট্রদূত বলেন, বর্তমানে বিশ্বের শীর্ষ পাঁচটি মেডিকেল ট্যুরিজম ডে স্টিনেশনের একটি তুরস্ক। গ্রীস্মকালে ইউরোপের বিভিন্ন দেশ থেকে ট্যুরিস্টরা চিকিৎসা নিতে তুরস্কে যান কারণ তুরস্কের স্বাস্থ্যখাত অত্যন্ত জটিল ও বিরল বিভিন্ন রোগের চিকিৎসা দিতে সক্ষম। কোভিডকালে তুরস্কে টুরিস্টের সংখ্যা কিছুটা কমলেও গত বছর এই সংখ্যা বেড়ে আবার ৫০ মিলিয়নে উত্তীর্ণ হয়েছে।
সামরিক খাতেও তুরস্ক এগিয়ে যাচ্ছে জানিয়ে রাষ্ট্রদূত বলেন, ফেব্রুয়ারিতে তুরস্ক নিজেদের তৈরি ৫ম প্রজন্মের স্টিলথ ফাইটার

যুদ্ধবিমান কান (কঅঅঘ) উড্ডয়ন করেছে, যা তুরস্কের গভীর সামরিক শক্তির পরিচায়ক। এছাড়া ড্রোন নির্মাণ এবং বিভিন্ন সামরিক প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে বিশ্বকে তাক লাগিয়ে দিয়েছে তুরস্ক। তুরস্ক তার অর্জিত জ্ঞান বাংলাদেশের সাথে আদান-প্রদান করছে এবং ভবিষ্যতেও করবে। সভায় আরো উপস্থিত ছিলেন তুরস্কের রিয়ার অ্যাডমিরাল মুস্তফা কায়া(গঁংঃধভধ কঅণঅ), কর্নেল এরদাল শাহিন (উৎফধষ ঝঅঐওঘ), চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, বাংলাদেশে তুরস্কের অনারারি কনসাল জেনারেল সালাহউদ্দিন কাশেম খান।

## চসিকের উচ্ছেদ অভিযান পরিচালিত
## ফুটপাত ও রাস্তা অবৈধভাবে দখল করে ব্যবসা করার দায়ে ৮ ব্যক্তিকে ৪০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যার নেতৃত্বে আজ বুধবার দুপুরে নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। ভ্রাম্যমান আদালত নগরীর ডবলমুরিং থানার ধনিয়ালা পাড়া এলাকায় ডিটি রোডের ফুটপাত ও রাস্তার উপর অবৈধভাবে ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল স্তুপ করে জনদুর্ভোগ সৃস্টি করার অপরাধে ৮ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজুপূর্বক ৪০

হাজার টাকা জরিমানা আদায় করা হয় এবং ফুটপাত ও রাস্তা জনচলাচলের জন্য উম্মুক্ত করে দেয়া হয় । অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮